

৩০ জানুয়ারি, ২০১৭

প্রিয় শিক্ষার্থী ও পরিবারবর্গ:

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন (ডিওই) এবং মেয়রের অফিস, অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন, প্রত্যেক শিক্ষার্থীর পাবলিক স্কুল শিক্ষার অধিকার সংরক্ষণে প্রতিশ্রুতিবদ্ধ। যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টেও, অবৈধ শিক্ষার্থীসহ সকল শিক্ষার্থীর পাবলিক এডুকেশনের গুরুত্বকে স্বীকৃতি দেয়। আপনার সন্তান আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার, এবং সকল শিক্ষার্থী যাতে গুণগত শিক্ষা লাভ করে সেই অধিকার সংরক্ষণে এবং তা নিশ্চিত করতে আমাদের ক্ষমতায় যতটা সম্ভব আমরা সেটি করবো।

আমরা আমাদের বৈচিত্রে গর্ব বোধ করি। অভিবাসী পিতামাতা, শিক্ষার্থী, প্রিন্সিপ্যাল, শিক্ষক এবং অন্য স্কুল কর্মী – সবাই আমাদের স্কুল, এবং নিউ ইয়র্ক সিটির অংশ যা আমাদেরকে এই চমৎকার, শক্তিশালী, প্রাণোচ্ছল স্থানগুলো দিয়েছে। আপনার পরিবার ১০০ বছর আগে বা ১০০ দিন আগে এসেছে কিনা, – আপনি নিউ ইয়র্কার – এবং আমরা আপনার সাথে আছি।

সকল শিক্ষার্থীর নিরাপদ, যন্ত্রণামুক্ত পরিবেশে শিক্ষালাভ অব্যাহত থাকুক সেবিষয়টি নিশ্চিতকরণে সহায়তা প্রদানের লক্ষ্যে, আমরা স্কুল কর্মী সদস্যদেরকে নিচে প্রদত্ত নির্দেশনা প্রদান করছি:

অতীতে যেমনটি হয়েছে, ডিওই কর্মীগণ কোন শিক্ষার্থী অথবা তার পরিবার সদস্যদের অভিবাসনগত অবস্থা সম্পর্কিত কোন প্রশ্ন জিজ্ঞেস করবে না অথবা তার রেকর্ড রাখবে না। আপনার নিজের অথবা আপনার পরিবারের অভিবাসনগত অবস্থাসহ, আপনি যদি কোন স্পর্শকাতর তথ্য শেয়ার করেন, সিটির গোপনীয়তার নীতি এবং চ্যান্সেলরের প্রবিধানসমূহের শর্ত আমরা সেগুলি গোপন রাখি।

ডিওই কর্মীগণ ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্ট (আইসিই) এজেন্টদেরকে অব্যাহত প্রবেশাধিকার প্রদান করবে না। অন্য সকল আইন প্রয়োগকারী এজেন্সির মত, আইসিই এজেন্টগণের যথাযথ আইনি অনুমোদন ছাড়া স্কুলগুলোতে প্রবেশ করার অধিকার নাই। অভিবাসনগত বিষয় প্রয়োগের উদ্দেশ্যে যদি কোন আইসিই অফিসার কোন স্কুলে যায়, তাদেরকে সরাসরি প্রিন্সিপ্যালের কাছে পাঠানো হবে, যিনি যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

ডিওই কর্মীগণ আইনি ব্যধবোধকতা ছাড়া কোন শিক্ষার্থীর তথ্য প্রকাশ করবে না।

আমাদের স্কুলগুলিতে কেউ ইমিগ্রেশন আইনি পরিষেবা চাইলে তাকে অ্যাকশনএনওয়াইসি-তে রেফার করা হবে। অ্যাকশনএনওয়াইসি এমন একটি কর্মসূচি যা আপনার কমিউনিটি এবং আপনার ভাষায় বিশ্বস্ত কমিউনিটি সংগঠন থেকে ফ্রি-তে, নিরাপদ আইনি সহায়তা প্রদান করে।

অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন, সকল নিউ ইয়র্কারের সিটি পরিষেবা লাভ অব্যাহত থাকবে। মেয়রের অফিস অফ ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স থেকে আরও তথ্যের জন্য 311 নম্বরে ফোন করুন অথবা nyc.gov/immigrants সাইটে যান। এছাড়া, ডিওই ওয়েবসাইট <http://schools.nyc.gov/AboutUs/schools/SupportingAllStudents.htm> -এ বিভিন্ন রিসোর্স লভ্য। আগামী সপ্তাহগুলোতে আমাদের ওয়েবসাইটের এই ক্ষেত্রটি সম্প্রসারিত হবে।

সকল শিক্ষার্থী যাতে নিরাপদ এবং সহায়ক শিক্ষণ পরিবেশে থাকে স্কুল কর্মীগণ সেবিষয়টি নিশ্চিত করবেন। ডিওই-র নীতি নিরাপদ পরিবেশ এবং বৈচিত্রপূর্ণ স্কুল প্রদান যা প্রকৃত অথবা ধারণাকৃত জাতি, বর্ণ, ধর্ম, বয়স, কৃষ্টি, জাতিগত পরিচয়, জাতীয় সূত্র, বিদেশী, নাগরিকত্ব অবস্থা, প্রতিবন্ধিতা, যৌন অগ্রাধিকার, লিঙ্গ (স্ত্রী/পুরুষ), অথবা ওজনের ভিত্তিতে কোন হয়রানি, বুলিং, এবং বৈষম্য মুক্ত হবে। যেকোন ঘটনা অথবা উদ্বেগ অতিসত্বর স্কুল কর্মীদের কাছে রিপোর্ট করতে হবে, যারা তদন্ত করে দ্রুত ব্যবস্থা নেবেন।

আপনার সন্তানের শিক্ষা বিষয়ে আমাদের উপর আস্থা রাখার জন্য ধন্যবাদ। আমাদের ১.১ মিলিয়ন শিক্ষার্থীর সাফল্যের চেয়ে আর অন্য কোন কিছু গুরুত্বপূর্ণ নয়।

বিশ্বস্ত,



কারমেন ফারিনিয়া
চ্যান্সেলর
এনওয়াইসি ডিপার্টমেন্ট অফ এডুকেশন



নিশা আগরওয়াল
কমিশনার
মেয়রস অফিস অফ ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স